দামুড়হুদায় বীরমুক্তিযোদ্ধাদের সম্মাননা স্বারক পুরষ্কার প্রদান ও সাংস্কৃতিক অনুষ্ঠান

দামুড়হুদা প্রেসক্লাব-সাংবাদিক সমিতি’র দ্বিবার্ষিক নির্বাচনের নবনির্বাচিত কমিটির অভিষেক, বীর মুক্তিযোদ্ধাদের সম্মাননা স্বারক ক্রেস্ট প্রদান ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার সকাল ১০টার দিকে দামুড়হুদা গার্লস স্কুল এন্ড কলেজ চত্ত্বরে আনুষ্ঠানিক ভাবে এই অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। দামুড়হুদা প্রেসক্লাব ও সাংবাদিক সমিতির আয়োজনে মহান স্বাধীনতা যুদ্ধের যুদ্ধকালীন কমান্ডার বীর মুক্তিযোদ্ধাদের সম্মাননা স্বারক ক্রেস্ট প্রদান, দামুড়হুদা প্রেস ক্লাব ও সাংবাদিক সমিতির নবনির্বাচিত কমিটির অভিষেক, সাংস্কৃতিক অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন আর্থ মুভিং গ্রুপের চেয়ারম্যান দামুড়হুদা উপজেলার কৃতি সন্তান ইঞ্জিনিয়ার মো মজিবুল হক। অনুষ্ঠানের প্রধান অলোচক ছিলেন চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি ও দৈনিক মাথাভাঙ্গার সম্পাদক-প্রকাশক সরদার আল আমিন।

দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি এম নুরুন্নবীর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি সাইফুল ইসলাম, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, দামুড়হুদা গার্লস স্কুল এন্ড কলেজের সভাপতি শফিউল কবীর ইউসুফ, নতিপোতা ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান আজিজুল হক আজিজ, দামুড়হুদা উপজেলা শ্রমীকলীগের সভাপতি হাজী আব্দুল কাদির, দামুড়হুদা উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক সাজু



আহমেদ রিংকু।

অনুষ্ঠানে অতিথি ছিলেন নতিপোতা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো মোমিনুল হক, গোবিন্দহুদা মাধ্যমিক বিদ্যালয়ের প্রাক্তন প্রধান শিক্ষক আব্দুল মান্নান, দামুড়হুদা বাসস্ট্যান্ড বাজার কমিটির সভাপতি মোঃ মাকসুদুর রহমান রতন, কার্পাসডাঙ্গা বাজার বণিক সমিতির সভাপতি মো আলমগীর রাসেল ও সাধারণ সম্পাদক মোস্তাফিজ কচি। অনুষ্ঠানের শুরুতেই অনুষ্ঠানের মধ্যমনি ইন্জিনিয়ার মো মজিবুল হক কে দামুড়হুদা প্রেসক্লাবের পক্ষ থেকে ফুলেল শুভেচছা দিয়ে বরণ করে নেয়া হয়।

এরপর পবিত্র কোরআন তেলোয়াত করেন দামুড়হুদা প্রেসক্লাবের সদস্য মোমিনুল হক মনির, স্বাগত বক্তব্য রাখেন দামুড়হুদা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মো হাবিবুর রহমান হবি। সমগ্র অনুষ্ঠানটি সঞ্চালনা করেন দামুড়হুদা প্রেসক্লাবের নির্বাহী সদস্য মো জাহিদুর রহমান মুকুল।

অনুষ্ঠানে দামুড়হুদা প্রেসক্লাবের নবনির্বাচিত কমিটির সকল কে রজনীগন্ধা ফুল দিয়ে বরণ শেষে একটি করে ক্যামেরা ব্যাগ ও একটি করে গেণ্জি তুলে দেন নেন অতিথিবৃন্দ।